যুগান্তর

তারিখ ... 2 6 FEB 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...6...

# শিক্ষার সব স্তরে তথ্য প্রযুক্তির মাস্টার প্ল্যান বাস্তবায়ন হচ্ছে

—জাহাঙ্গীর কবির নানক

**যুগান্তর রিপোর্ট**

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক বলেছেন, সরকার শিক্ষার সব স্তরে তথ্যপ্রযুক্তি সম্পৃক্ত করে মাস্টার প্ল্যান বাস্তবায়ন করছে। ইতিমধ্যে সারা দেশে ২৪ হাজার প্রতিষ্ঠানে আইসিটি সামগ্রি বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের নবীনবরণ ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৬-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কলেজের অধ্যক্ষ প্রফেসর আবদুস সালাম হাওলাদারের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদপুর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান মিজান। নানক বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবন ও কর্ম থেকে শিক্ষা নিয়ে জননেত্রী শেখ হাসিনা বৈশ্বিক ও অভ্যন্তরীণ প্রতিকূলতা সত্ত্বেও পদ্মা সেতু প্রকল্প, জলসীমা ও ছিটমহলসহ জাতীয় সমস্যাবলী সমাধান করেছেন। সভায় উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য সাহারা খাতুন, সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক, কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্য এসএম কামাল হোসেন, একেএম এনামুল হক শামীম প্রমুখ। সভা পরিচালনা করেন আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্য এবং বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম।